

সমন্বিত

তারিখ .. 28 JAN 2014 ..
স্থান .. ঢাকা ..

জাতীয় বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

■ সমকাল প্রতিবেদক
জাতীয় বিশ্ববিদ্যালয়ে অনার্স প্রথম
বর্ষ (২০১৩-১৪ শিক্ষাবর্ষ) ভর্তি
পরীক্ষায় গড় পাসের হার ৮৩
শতাংশ। গতকাল সোমবার এই ফল
প্রকাশ করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।
সারাদেশে মোট ৫১৬টি অধিকৃত
অনার্স কলেজের ৩০টি বিষয়ে ২ লাখ
৪৭ হাজার ১৪৫ জনের বিপরীতে
৪ লাখ ১৩ হাজার ৪৫৪ জন ভর্তি
পরীক্ষায় অংশ নেন।

গতকাল এ পরীক্ষার প্রথম মেধা
তালিকায় ১ লাখ ৭২ হাজার ৫৮২
জনসহ সব পরীক্ষার্থীর ফল প্রকাশ
করা হয়েছে। মেধা তালিকায়
উত্তীর্ণদের মধ্যে মেয়ে শিক্ষার্থী ৪৯
শতাংশ।

এ পরীক্ষায় মানবিক শাখায় ১
লাখ ৭০ হাজার ১৯৮ জন পরীক্ষার্থীর
মধ্যে ১ লাখ ৬৭ হাজার ২৭৯ জন
পাস করে, পাসের হার ৯৮ শতাংশ।
বিজ্ঞান শাখায় ৫৪ হাজার ৭৬১ জন
পরীক্ষার্থীর মধ্যে ৫০ হাজার ৪৭৭
জন পাস করেছে। পাসের হার ৯২
শতাংশ। ব্যবসায় শিক্ষা শাখায় ১
লাখ ৮৮ হাজার ৪৯৫ জন
পরীক্ষার্থীর মধ্যে ১ লাখ ২৯ হাজার
৪২২ জন পাস করেছেন।

গতকাল দুপুর ১২টা থেকে
পরীক্ষার্থীরা তাদের ফল SMS এর
মাধ্যমে জেনে নিতে পারছেন।
মোবাইল থেকে জানতে যেসেজ
অপশনে গিয়ে NU<space> AT
<space> Roll No পিছে 16222 নম্বরে
Send করে ফল জানা যাবে। জাতীয়
বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট
www.nu.edu.bd/admissions এ
এই পরীক্ষার ফল দেখা যাবে।